সর্বোচ্চ ৩৪.২°
সর্বনিম্ন ২৪.৫°
শিলিগুড়ি
বাতাসে আপেক্ষিক আর্দ্রতার পরিমাণ ৭৭ শতাংশ
বুধবারের পূর্বাভাস ঃ আংশিক মেঘলা আকাশ, বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা।

আমার শহর
উত্তরবঙ্গ সংবাদ ১৩ জুন ২০১৮ পনেরো

সুগার, কিডনি, নিউরো, যে কোন ব্যথা, সোরাইসিস ও যে কোন জটিল রোগের
আয়ুর্বেদিক চিকিৎসা ও থেরাপি
১৫ দিনের চিকিৎসা ও থেরাপিতে পার্থক্য দেখুন
HERBAL POINT
শিলিগুড়ি
আজীবন সুস্থ থাকুন
9134435080
7478979008

শিলিগুড়ির উন্নয়ন নিয়ে গৌতমকে তোপ অশোকের

শিলিগুড়ি, ১২ জুন ঃ চক্রান্ত করে শিলিগুড়ির উন্নয়নকে বারবার আটকে দেওয়ার চেষ্টা করছে রাজ্য সরকার। নিজেরা কোনো টাকাপয়সা তো দিচ্ছেই না, উপরন্তু কেন্দ্রের বরাদ্দও আটকে রাখা হচ্ছে। উলটে পর্যটনমন্ত্রী গৌতম দেব শিলিগুড়ির উন্নয়ন নিয়ে মেয়রকে উপদেশ দিচ্ছেন। মঙ্গলবার সাংবাদিক বৈঠক ডেকে এই অভিযোগ করেছেন শিলিগুড়ির মেয়র অশোক ভট্টাচার্য। তিনি বলেন, 'ভাত-কাপড় দেওয়ার মুরোদ নেই, শুধু কিল মারার গোঁসাই। শিলিগুড়ির উন্নয়ন নিয়ে কোনো মাথাব্যথাই নেই গৌতমবাবুদের। শিলিগুড়ির বাসিন্দা হিসাবে রাজ্যের কাছে এখানকার উন্নয়নের বরাদ্দ নিয়ে আসার দায়িত্ব গৌতমবাবুও এড়াতে পারেন না। এমনকি, শিলিগুড়ি-জলপাইগুড়ি উন্নয়ন কর্তৃপক্ষও (এসজেডিএ) কোনো কাজ করছে না। অথচ মাঝেমাঝেই গৌতমবাবুরা শুধু আমাদের নামে নিন্দা করছেন। আমরা কাজ করছি না বলে অপবাদ দিচ্ছেন।' মহানন্দা অ্যাকশন প্ল্যানের কাজ আটকে থাকায় রাজ্য সরকারকেই দুষেছেন মেয়র। উন্নয়নের বরাদ্দ নিয়ে আলোচনা করতে বুধবার ফের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিমের সঙ্গে দেখা করার জন্য কলকাতায় যাচ্ছেন অশোকবাবু। এমনকি, আগামী ১৪-১৫ জুন দিল্লিতে থাকার সময় কেন্দ্রেরও দুই মন্ত্রীর সঙ্গে বৈঠকের জন্য সময় চেয়েছেন অশোকবাবু। এসজেডিএ-র চেয়ারম্যান সৌরভ চক্রবর্তী বলেন, 'অশোকবাবুর আমলে মহানন্দা অ্যাকশন প্ল্যানের টাকা চুরি হওয়ায় কাজ আটকে গিয়েছিল। তার পর অনেক মামলা-মোকদ্দমা চলেছে। মামলার নিষ্পত্তি হওয়ার পরে আবার নতুন করে কাজ শুরু হয়েছে। অশোকবাবু খোঁজ নিয়ে দেখতে পারেন।'

শিলিগুড়ির উন্নয়নে রাজ্য সরকার বিভিন্নভাবে প্রতিবন্ধকতা তৈরি করছে, বাম বোর্ডের এমন অভিযোগ নতুন কিছু নয়। কিন্তু এরই মধ্যে উচ্চমাধ্যমিক পরীক্ষায় রাজ্যে প্রথম জলপাইগুড়ির গ্রন্থন সেনগুপ্তকে শিলিগুড়ির ব্র্যান্ড অ্যাম্বাসাডর করা নিয়ে মন্ত্রী-মেয়রের বিরোধ প্রকাশ্যে আসে। গৌতমবাবু সোমবার সাংবাদিক বৈঠক ডেকে মেয়র কাজের চেয়ে বেশি নিজের প্রচার করছেন বলে অভিযোগ তুলেছিলেন।

এদিন অশোকবাবু বলেন, 'রাজ্য সরকার শিলিগুড়ির প্রতি পরিকল্পিতভাবে অসহযোগিতা করছে। সরকারিভাবে সবরকম সহযোগিতার আশ্বাস দেওয়া হলেও আমরা রাজ্যের বরাদ্দ দূরে থাক, কেন্দ্রের বরাদ্দ টাকাও পাচ্ছি না। চতুর্দশ অর্থ কমিশন, ওপেন ডেফিকেশন ফ্রি (ওডিএফ) এবং হাউসিং ফর অল প্রকল্পে অল্প কিছু টাকা পেয়েছি। তিনটিই কেন্দ্রীয় প্রকল্প। তাও কেন্দ্র যত টাকা দিয়েছে তার পুরোটা রাজ্য সরকার আমাদের দেয়নি। শিলিগুড়ির এখন মূল চাহিদা পানীয় জল, সুয়ারেজ সিস্টেম, মহানন্দা অ্যাকশন প্ল্যান, নিকাশি ব্যবস্থার উন্নয়ন এবং সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট। কিন্তু রাজ্য সরকার শিলিগুড়ির জন্য এই প্রকল্পগুলির কোনো বরাদ্দই দিচ্ছে না। শিলিগুড়ির ৩৩টা ওয়ার্ডের কথা ভেবে একটা সময় ফুলবাড়ির পানীয় জল প্রকল্প চালু হয়েছিল। পরবর্তীতে জলপাইগুড়ি জেলার ১৪টি ওয়ার্ড এর মধ্যে অন্তর্ভুক্ত হয়। সেখানেও পানীয় জলের সংযোগ দিতে হয়। ফলে জলকষ্ট এখন শিলিগুড়ির অন্যতম সমস্যা। দ্বিতীয় পানীয় জল প্রকল্প নিয়ে বারবার দাবি করা হলেও রাজ্য সরকার শিলিগুড়ির জন্য ওই প্রকল্পের অনুমোদন দিচ্ছে না। এসব নিয়ে তো গৌতমবাবু দরবার করতে পারেন। মহানন্দা অ্যাকশন প্ল্যান নিয়ে বাম আমলে যেটুকু কাজ হয়েছিল, তার পরে আর কিছুই হয়নি। আমি বারবার কেন্দ্রের কাছে চিঠি দিয়ে এই প্রকল্পের অনুমোদন চাইলেও রাজ্য সরকার কিছু করছে না। তাই এই প্রকল্পও আটকে রয়েছে। আমরা ৪৫ কোটি টাকার সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট প্রকল্প রাজ্যের কাছে পাঠিয়েছিলাম। সেটাও আজ পর্যন্ত অনুমোদন দেওয়া হয়নি।'

অশোকবাবু এদিন জানিয়েছেন, বুধবার পুরমন্ত্রীর সঙ্গে কলকাতায় দেখা করার জন্য সময় চেয়েছি। আগামী ১৪-১৫ জুন দিল্লিতে গিয়ে কেন্দ্রীয় নগরোন্নয়ন মন্ত্রী এবং নদী বিষয়ক মন্ত্রীর সঙ্গেও শিলিগুড়ির বিভিন্ন বিষয় নিয়ে আলোচনার জন্য সময় চেয়েছি।

> ভাত-কাপড় দেওয়ার মুরোদ নেই, শুধু কিল মারার গোঁসাই। শিলিগুড়ির উন্নয়ন নিয়ে কোনো মাথাব্যথাই নেই গৌতমবাবুদের।
>
> অশোক ভট্টাচার্য, মেয়র, শিলিগুড়ি পুরনিগম

বালাসন নদী থেকে তোলা হচ্ছে বালি। ছবি ঃ সূত্রধর

স্কুলব্যাগের বদলে কাঁধে উঠছে আবর্জনার বস্তা

শিশুশ্রম বিরোধী দিবস কী, জানে না রাধা-মীরারা

তমালিকা দে • শিলিগুড়ি

১২ জুন ঃ শিশুশ্রম-বিরোধী দিবস কী, তা ওদের জানা নেই। কারণ, বুলি শেখার পর থেকেই খেটে খেতে হয়েছে। স্কুলব্যাগের পরিবর্তে রোজ সকালে কাঁধে উঠেছে আবর্জনার বস্তা, কারও আবার হাতে উঠেছে হোটেলের এঁটো বাসন। দারিদ্র্য এমনভাবে তাদের জীবনকে গ্রাস করেছে যে স্কুলের মুখ পর্যন্ত দেখা হয়নি। তাদেরও ইচ্ছে করে বড়ো হয়ে ডাক্তার, ইঞ্জিনিয়ার হতে। তবে এই ইচ্ছেগুলো ইচ্ছেই থেকে গিয়েছে রাধা, মীরা (পরিবর্তিত নাম)-র মতো আরও অনেক শিশুর। এদের কারও বয়স ছয়, কারও বা তেরো। কিন্তু ছেলেবেলা থেকেই তাদের উপর বাড়ির বাকি সদস্যদের খাবার জোগাড়ের দায়িত্ব রয়েছে। তাই শ্রমবিরোধী দিবস তাদের কাছে আলাদা কোনো মাত্রা আনে না। বরং এই দিনগুলিতে সতর্কতার সঙ্গে কাজ করতে হয় শিশুশ্রমিকদের। কারণ, এই দিনগুলিতে বিভিন্ন সংস্থার পক্ষ থেকে শহরের শিশুশ্রমিকদের উপর বিশেষ নজর রাখা হয়। তাদের কারও কাছে ধরা পড়ে কাজটা যেন না চলে যায়, এই ভয়েই কাটে দিন।

ডাঙ্গিপাড়ার এক শিশুশ্রমিক রাধার কথায়, 'ছোটো থেকেই মায়ের সঙ্গে কাজে যেতাম। একটু বড়ো হতেই বাবা আমাদের ছেড়ে চলে গিয়েছে। বাড়িতে আমি, মা, ঠাকুমা, ভাই ও এক বোন আছে। এতগুলো মানুষের খাবার জোগাড় করা মায়ের একার পক্ষে সম্ভব হচ্ছিল না । তাই সকালে বস্তা নিয়ে বেরোই, কুড়ানির কাজ করি। রাজেন্দ্রপ্রসাদ স্কুলে ভরতি হয়েও আর যাওয়া হয়নি।' পারভিন নামে আর-এক শিশুশ্রমিক বলে, 'রোজ বস্তা হাতে সকাল সকাল বেরোতে ভালো লাগে না। ইচ্ছে হয় বাকিদের মতো পড়াশোনা করে ভালো চাকরি করি। কিন্তু সংসারে রোজগার করার মানুষ নেই । বাবা ছেড়ে চলে গিয়েছে বহু বছর আগে। মা-ও এখন অসুস্থ। তাই বাধ্য হয়ে এই কাজ করি। মায়ের চিকিৎসার জন্য মালিকের কাছ থেকে কিছু টাকা ধার নিয়েছি। মা বলেছে, ধার শোধ হয়ে গেলে আমাকে আবার স্কুলে পাঠাবে।' ছয় বছরের প্রকাশের কথায়, 'শ্রমবিরোধী দিবস আবার কী? আমরা তো বছরে প্রতিদিনই কাজ করি। বরং কিছু কিছু সময় বিভিন্ন লোকের ভয়ে মালিক দোকানের ভেতরে লুকিয়ে কাজ করতে বলেন। বলা হয়, যদি তাঁরা জানতে পারেন আমরা কাজ করছি, তাহলে আমাদের কাজ করা বন্ধ করে দেবেন।'

শহরে দিনের পর দিন শিশুশ্রমিকরা কাজ করে চললেও সেবিষয়ে প্রশাসনিক উদ্যোগ অবশ্য চোখে পড়ে না। যদিও এবিষয়ে প্রশ্ন করলেই প্রশাসনিক কর্তারা আশ্বাসের ফুলঝুরি ছড়িয়ে দেন। শিলিগুড়ির মহকুমাশাসক সিরাজ দানেশ্বর বলেন, 'শহরের বেশ কিছু জায়গায় আমরা কড়া নজর রেখেছি। আইন না মেনে কোথাও শিশুশ্রমিকদের দিয়ে কাজ করানো হলে অভিযুক্তের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে।'

শিলিগুড়ির পুলিশ কমিশনার সুনীলকুমার চৌধুরি বলেন, 'আমরা নজর রাখছি। তাছাড়াও কোনো অভিযোগ পেলে ব্যবস্থা নেওয়া হবে।'

জামাই ষষ্ঠী স্পেশাল
UPTO 50% OFF
COTTON T-SHIRTS
MRP Rs 595/- Now Rs 300/-
MRP Rs 795/- Now Rs 400/-
*Sundays Open
Pooja HINDUSTAN®
Seth Srilal Market,Siliguri
Helpline No:76991-99999

শিশুশ্রম বন্ধে শোভাযাত্রা। ছবি ঃ তপন দাস

শিশুশ্রমমুক্ত করতে পদক্ষেপ

শিলিগুড়ি, ১২ জুন ঃ শহর শিশুশ্রমমুক্ত করতে গৌরীশংকর মার্কেটের পথেই হাঁটার সিদ্ধান্ত নিল শেঠ শ্রীলাল মার্কেট ও হংকং মার্কেট ব্যবসায়ী সমিতি। সম্প্রতি, শহরে শিশুশ্রমিক রোধ করতে গৌরীশংকর মার্কেট ব্যবসায়ী সমিতির পক্ষ থেকে শিশুশ্রমমুক্ত বাজারের ঘোষণা করা হয়। মঙ্গলবার শ্রম বিরোধী দিবস উপলক্ষ্যে শিলিগুড়ি পুরনিগমের ১১ এবং ১২ নম্বর ওয়ার্ড কমিটি, ডুয়ার্স হিউম্যান কেয়ার সোসাইটি, সিনি-র উদ্যোগে একটি পদযাত্রার আয়োজন করা হয়। পদযাত্রা থেকে শিশুশ্রমমুক্ত সমাজ গড়ে তোলার বার্তা দেওয়া হয়। পাশাপাশি, কেউ যদি এই আইন না মেনে শিশুশ্রমিক নিয়োগ করে তার বিরুদ্ধে কী কী আইনি পদক্ষেপ নেওয়া হবে সে ব্যাপারেও সচেতন করা হয়।

অন্যদিকে, এদিন চাইল্ড ইন নিড ইন্সটিটিউট (সিনি)-র পক্ষ থেকে বাঘাযতীন পার্কের সামনে থেকে শিশুশ্রম বিরোধী একটি র‍্যালি করা হয়। সেখানে শিশুশ্রমমুক্ত সমাজ গড়ে তোলার বার্তা দেওয়া হয়। পাশাপাশি সংস্থার শিশুরা শিশুশ্রম বিরোধী পথনাটিকা করে।

বটগাছের ডাল ভেঙে জখম

শিলিগুড়ি, ১২ জুন ঃ বটগাছের ডাল ভেঙে পড়ায় গুরুতর জখম হলেন এক যুবক। দক্ষিণ শান্তিনগরের বাসিন্দা ওই যুবকের নাম প্রদীপ কর্মকার। তিনি উত্তরবঙ্গ সংবাদ-এর কম্পিউটার বিভাগের কর্মী। ঘটনাটি মঙ্গলবার সকাল সাড়ে ১১টা নাগাদ শান্তিনগরে তাঁর বাড়ি লাগোয়া লোকনাথ মন্দিরের সামনে ঘটেছে। জানা গিয়েছে, স্ত্রীর চিকিৎসার জন্য সেই সময় বাড়ি থেকে বের হন প্রদীপবাবু। স্ত্রীকে টোটোয় তুলে দিয়ে তিনি নিজের মোটরবাইকটি বাড়িতে রাখতে যান। সে সময়ই বটগাছের একটি শুকনো ডাল বিদ্যুতের তারের ওপর ভেঙে পড়ে। এরপর তার সমেত ডালটি প্রদীপবাবুর ওপর পড়ে। তিনি রাস্তার ওপর ছিটকে পড়েন। তাঁর মাথায় ও শরীরের বেশ কয়েকটি জায়গায় চোট লেগেছে। পরিবারের লোকজন ও স্থানীয় বাসিন্দারা অচৈতন্য অবস্থায় তাঁকে উদ্ধার করে শিলিগুড়ি জেলা হাসপাতালে নিয়ে যান। সেখান থেকে তাঁকে খালপাড়ার একটি নার্সিংহোমে নিয়ে যাওয়া হয়। সেখানে চিকিৎসার পর তাঁকে ছেড়ে দেওয়া হয়েছে। চিকিৎসকরা জানান, হেলমেট থাকায় তাঁর মাথায় গুরুতর চোট লাগেনি। এদিকে, গাছের ডালটি বিদ্যুতের তারের ওপর পড়ায় ওই এলাকা দীর্ঘ সময় ধরে বিদ্যুৎহীন ছিল। স্থানীয় বাসিন্দা তুতুন বিশ্বাস বলেন, 'বটগাছের ডালটি শুকিয়ে গিয়েছিল। সেটি কাটার বিষয়ে কেউ উদ্যোগী না হওয়ায় এদিন দুর্ঘটনাটি ঘটেছে।'

বিশ্বকাপ নিয়ে শোভাযাত্রা

নিজস্ব প্রতিনিধি, শিলিগুড়ি, ১২ জুন ঃ আর পাঁচটা শহরের মতো আসন্ন বিশ্বকাপের জ্বরে কাঁপছে শিলিগুড়িও। উন্মাদনার রেশ ধরে রাখতে বিশ্বকাপ শুরুর একদিন আগে অর্থাৎ বুধবার এক বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করেছে শিলিগুড়ি মহকুমা ক্রীড়া পরিষদ (এসএমকেপি)। পরিষদের কার্যকরী সভাপতি নান্টু পাল জানিয়েছেন, বুধবার সকাল ৮টায় কাঞ্চনজঙ্ঘা ক্রীড়াঙ্গনের ৯ নম্বর গেট থেকে শোভাযাত্রা বের হবে। সেটি সেবক রোড, হিলকার্ট রোড ঘুরে ক্রীড়াঙ্গনের ফোসিন গেটে এসে শেষ হবে। শোভাযাত্রায় ফুটবল, বিভিন্ন দেশের জাতীয় পতাকা, আদিবাসী নৃত্য, ব্যান্ড থাকবে।

নকল জুস উদ্ধার, ধৃত কারখানার মালিক

উদ্ধার হওয়া নকল জুস ও ফ্রুট পালপ। -সংবাদচিত্র

শিলিগুড়ি, ১২ জুন ঃ নকল জুস, ফ্রুট পালপ বিক্রি হচ্ছে শিলিগুড়ির বাজারে- এমন অভিযোগ পেয়ে তার উৎস সন্ধান করতে গিয়ে একটি বেআইনি কারখানায় মঙ্গলবার হানা দিল শিলিগুড়ি মেট্রোপলিটন পুলিশের এনফোর্সমেন্ট ব্রাঞ্চ। পুরনিগমের ৩১ নম্বর ওয়ার্ডের শীতলাপাড়ার কারখানাটির মালিক বিজয় সামন্তকে গ্রেফতার করা হয়েছে। বাজেয়াপ্ত করা হয়েছে জুস তৈরির প্রচুর সামগ্রী, জুস ভরা জার সহ অন্যান্য উপাদান। জানা গিয়েছে, আরও কয়েকটি কারখানার ওপর নজর রাখা হচ্ছে।

জল, চিনির সঙ্গে বেআইনি রাসায়নিক মিশিয়ে তৈরি করা হচ্ছে বিভিন্ন জুস। ফলের গন্ধ আনতে দেওয়া হচ্ছে এক ধরনের ফ্লেভার। এমন অভিযোগ পেয়ে মঙ্গলবার শীতলাপাড়ার একটি কারখানায় হানা দিয়ে তার প্রমাণ পেল এনফোর্সমেন্ট ব্রাঞ্চ (ইবি)। জানা গিয়েছে, এই কারখানাটিতে তৈরি নকল বা স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকারক জুস শিলিগুড়ি শহরের বিভিন্ন দোকানে বিক্রি হচ্ছে বেশ কিছুদিন ধরেই। দামে একটু সস্তা হওয়ায় তা কিনছেন অনেকেই। গোপন সূত্রে কারখানাটি সম্পর্কে এমন কিছু তথ্য পেয়ে মঙ্গলবার ওই কারখানাটিতে হানা দেয় ইবি। অভিযোগ যে একশো শতাংশ সত্যি তার প্রমাণ পান ইবি কর্তারা। এরপরেই গ্রেফতার করা হয় কারখানার মালিককে। জানা গিয়েছে, শহরের অনেক জায়গাতেই এই ধরনের নকল জুস, সস সহ বিভিন্ন খাদ্যসামগ্রী তৈরির কারখানা গজিয়ে উঠেছে। অভিযোগ, কয়েকটি কারখানায় বিভিন্ন নামি কোম্পানির লেবেল লাগানো হচ্ছে। স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর এই ধরনের খাদ্যসামগ্রী ছড়িয়ে পড়ছে বিভিন্ন দোকান এবং বাজারে। কোম্পানির নাম দেখে তা কিনে প্রতারিত হচ্ছেন ক্রেতারা। নিজেদের বিপদও ডেকে আনছেন তাঁরা। বিভিন্ন জায়গা থেকে এমন অভিযোগ মেলায় এদিন কারখানাটিতে হানা দেয় ইবি। পুলিশকর্তারা জানিয়েছেন, এ ধরনের অভিযান লাগাতার চালানো হবে। কয়েকটি কারখানার ওপর নজর রাখা হচ্ছে বলেও জানা গিয়েছে।

বাঘাযতীন পার্কে বিশ্বকাপের ম্যাচ দেখাবে পুরনিগম

শিলিগুড়ি, ১২ জুন ঃ বাঘাযতীন পার্কের রবীন্দ্র মঞ্চে জায়ান্ট স্ক্রিনে বিশ্বকাপ ফুটবলের ম্যাচ দেখাবে শিলিগুড়ি পুরনিগম। উদ্‌বোধনী এবং ফাইনাল সহ মোট চারটি ম্যাচ দেখানো হবে। মঙ্গলবার সাংবাদিক বৈঠক করে পুরনিগমের ক্রীড়া বিভাগের মেয়র পারিষদ শংকর ঘোষ জানিয়েছেন, ১৪ জুন রাশিয়া এবং সৌদি আরবের মধ্যে উদ্‌বোধনী ম্যাচটি দেখানো হবে। এছাড়া ৬ ও ৭ জুলাইয়ের কোয়ার্টার ফাইনাল দুটি এবং ১৫ জুলাইয়ের ফাইনাল ম্যাচটিও দেখানো হবে। তিনি আরও জানান, বিশ্বকাপ উপলক্ষ্যে বাঘাযতীন পার্ককে অংশগ্রহণকারী দেশগুলির পতাকায় সাজিয়ে তোলার পাশাপাশি বেশ কিছু উদ্যোগ নেওয়া হচ্ছে। বেশি সংখ্যক মানুষ যাতে রবীন্দ্র মঞ্চের সম্প্রচার দেখতে আসেন, সেই উদ্দেশ্যে প্রচারও শুরু হয়েছে।

ট্রাকের সঙ্গে সংঘর্ষে জখম টোটোচালক

শিলিগুড়ি, ১২ জুন ঃ ট্রাকের সঙ্গে সংঘর্ষে জখম হলেন এক টোটোচালক। মঙ্গলবার সন্ধ্যায় ঘটনাটি ঘটেছে আশিঘর পুলিশ ফাঁড়ির ইস্টার্ন বাইপাসের জলেশ্বরী বাজারের কাছে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, নিয়ন্ত্রণ হারিয়ে একটি ট্রাক ধাক্কা মারে বিদ্যুতের লোহার খুঁটিতে। সেসময়ই নিয়ন্ত্রণ রাখতে না পেয়ে টোটোটি ধাক্কা মারে ট্রাকটিতে। গুরুতর জখম হন টোটোচালক। তাঁকে উদ্ধার করে শিলিগুড়ি জেলা হাসপাতালে ভরতি করেন স্থানীয়রা। টোটোয় সেই সময় কোনো যাত্রী ছিল না বলে জানা গিয়েছে। এদিকে, ট্রাকটিকে আটক করেছে পুলিশ। তবে ট্রাকচালক পলাতক।

স্কুল ছুটির পর নাবালিকা নিখোঁজ, উদ্ধার হল কোর্ট মোড় থেকে

শিলিগুড়ি, ১২ জুন ঃ স্কুল ছুটির পর রহস্যজনকভাবে নিখোঁজ হয়ে গেল পঞ্চম শ্রেণির এক ছাত্রী। প্রায় দু-ঘণ্টা বাদে কোর্ট মোড় থেকে বছর দশের ওই নাবালিকার খোঁজ মিলল। মঙ্গলবার এ ঘটনায় শিলিগুড়ির চম্পাসারি এলাকায় চাঞ্চল্য ছড়িয়েছে। ওই নাবালিকা চম্পাসারির শ্রীগুরু বিদ্যামন্দিরের ছাত্রী। স্কুল কর্তৃপক্ষের তরফে প্রধাননগর থানায় অভিযোগ দায়ের করা হয়েছে। ঘটনার রহস্যভেদে তদন্তে নেমেছে পুলিশ।

চম্পাসারির বাসিন্দা ওই নাবালিকার বাবা পেশায় উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগমের কর্মী। তার মা গৃহবধূ। মঙ্গলবার মেয়েটিকে তার মা স্কুলে দিয়ে যান। কিন্তু স্কুল ছুটির সময়ে তিনি নিতে আসতে না পারায় ওই নাবালিকা একাই বাড়ির দিকে যাচ্ছিল। নাবালিকার বয়ান অনুযায়ী, স্কুলের প্রধান গেট পার করতেই পাশের গলি থেকে মুখে রুমাল বাঁধা এক যুবক এসে তাকে সঙ্গে নিয়ে যেতে চায়। কিন্তু সে যেতে অস্বীকার করলে জোর করে তার মুখে একটি বিস্কুট পুরে দেওয়া হয়। বিস্কুট খাওয়ার পরেই ওই নাবালিকা অচৈতন্য হয়ে পড়ে। জ্ঞান ফিরলে দেখে, সে কোর্ট মোড় লাগোয়া এলাকায় একটি বন্ধ দোকানের সামনে বসে রয়েছে। তার মাথাও ঝিমঝিম করছিল। কাছেই দাদুর বাড়ি থাকায় কোনোরকমে সেখানে চলে যায় সে। এদিকে, মেয়ে স্কুল থেকে বাড়ি না ফেরায় তার মা চিন্তিত হয়ে পড়েন। তিনি স্কুলে এসে কর্তৃপক্ষকে পুরো বিষয়টি জানান। নাবালিকার বাবাকেও ফোন করে ডাকা হয়। ছাত্রীটির খোঁজ শুরু করে স্কুল কর্তৃপক্ষ। এরই মাঝে নাবালিকার বাবার কাছে তার দাদুর বাড়ি থেকে ফোন আসে। ফোনে জানানো হয়, নাবালিকা ওই বাড়িতে চলে এসেছে। এরপরই নাবালিকাকে নিতে যান তাঁর বাবা। তাকে স্কুলে নিয়ে আসা হয়। স্কুলেই আসে প্রধাননগর থানার পুলিশ। সেখানে তার কাছে ঘটনাটি জানতে চাওয়া হলে সে পুলিশের কাছে উপরিউক্ত বয়ান দেয়। স্কুল কর্তৃপক্ষ এ ঘটনায় থানায় একটি অভিযোগ দায়ের করেছে। এদিকে, বেলা বাড়তেই ওই স্কুলে বহিরাগতদের আড্ডা শুরু হয় বলে স্থানীয়রা অভিযোগ করেছেন। স্কুল চলাকালীন বহিরাগতরা মোটরবাইক, গাড়ি নিয়ে স্কুল চত্বরে দাপিয়ে বেড়ায়। স্কুলের প্রধান শিক্ষক বিশ্বনাথ দত্ত অভিযোগ করে বলেন, 'একাধিকবার পুলিশকে জানানো হলেও এনিয়ে কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। পুরো ঘটনায় আমরাও হতবাক হয়ে পড়েছি। পুলিশকে ঘটনাটি জানিয়েছি।'

> বয়ানে অপহরণের তত্ত্ব

খাবারের দোকানে হানা দেবে পুরসভা

ইসলামপুর, ১২ জুন ঃ রেস্তোরাঁয় টিকটিকি কাণ্ডের জেরে নড়েচড়ে বসল ইসলামপুর পুরসভা। ইসলামপুর শহরজুড়ে পুরসভার একটি দল বিভিন্ন খাবারের দোকানে আচমকা হানা দেবে বলে জানিয়েছেন পুর চেয়ারম্যান তথা এলাকার বিধায়ক কানাইয়ালাল আগরওয়াল।

গত সোমবার রাতে শহরের ইসলামপুর হাইস্কুল মোড় সংলগ্ন একটি নামি রেস্তোরাঁয় খাবারের মধ্যে টিকটিকি থাকার অভিযোগে তীব্র চাঞ্চল্য ছড়ায়। ওই খাবার খেয়ে ১০ জন অসুস্থ হয়ে পড়েন। উল্লেখযোগ্য বিষয় হল, গোটা রাজ্যের মতো ইসলামপুরেও ফুড সেফটি ইনস্পেকটর নেই। ফলে কোনো রকম নজরদারি ছাড়াই সমস্ত খাবারের দোকানপাট রমরমিয়ে চলছে। সোমবারের ঘটনার পর শহরজুড়ে সাধারণ মানুষের মধ্যে ক্ষোভের পাশাপাশি আতঙ্ক ছড়িয়েছে। পুরসভার চেয়ারম্যান বলেন, 'আমরা সিদ্ধান্ত নিয়েছি শহরের সমস্ত খাবারের দোকানে একটি দল আচমকা হানা দিয়ে ফুড সেফটির বিষয়টি খতিয়ে দেখবে। কোথাও উদাসীনতা চোখে পড়লে সংশ্লিষ্ট দোকানদারের বিরুদ্ধে পুরসভা আইনি ব্যবস্থা নেবে।

এদিকে প্রশ্ন উঠছে, রাজ্যজুড়ে ভাগাড় কাণ্ডের পরও ইসলামপুর পুরসভা এই মর্মে সক্রিয়তা দেখায়নি কেন? সোমবারের টিকটিকি কাণ্ড না ঘটলে কি পুরসভা এই সিদ্ধান্ত নিত? এলাকার বাসিন্দাদের দাবি, এই বিষয়ে সারা বছরই পুরসভার নিয়ম করে জনস্বাস্থ্যে নজরদারি চালানো উচিত। কোনো ঘটনার পর নিয়মরক্ষার নামে টিম গড়ে কিছুদিন অভিযান চালিয়ে তা যেন বন্ধ না হয়ে যায়। কারণ লাগাতার নজরদারি চালানো হলে ব্যবসায়ীরা জনস্বাস্থ্যের প্রতি যত্নবান থাকতে বাধ্য থাকবেন।

EASY FINANCE OPTIONS
Rs.1/- Down-payment
12/4 EMI
18/4 EMI
Orchid
NORTH BENGAL NO.1 FOR ELECTRONICS
Malhotra Towers
Hill Cart Road,
Pradhan Nagar, Siliguri.
Ph. 0353-2518836, 9641970471
Rishi Aurobindo Road
Hakimpara, Near Bidhan Market,
Siliguri
Ph. 9733115649, 8436511872